**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 01–07–2024**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) ফৌজদারি ৩টি নতুন আইন ভারতীয় ন্যায় সংহিতা, ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতা এবং ভারতীয় সাক্ষ্য অধিনিয়ম আজ থেকে সারা দেশে কার্যকার হয়েছে ।**

**(২) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ আগরতলার প্রজ্ঞা ভবনে আয়োজিত এক অনুষ্ঠানে রাজ্যভিত্তিক স্টপ ডায়রিয়া ক্যাম্পেইনের আনুষ্ঠানিক সূচনা করেন ।**

**(৩) অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহরায় বলেছেন, খুব শীঘ্রই মৈত্রী সেতুর মাধ্যমে চট্টগ্রাম বন্দরকে ব্যবহার করে ভারত ও বাংলাদেশের মধ্যে পণ্য আদান প্রদান শুরু হবে।**

**(৪) রাজ্যের সব পঞ্চায়েত অফিস আজ থেকে ই-অফিসে রুপান্তরিত হল ।**

**(৫) ঘরোয়া তৃতীয় ডিভিশন লিগ ফুটবল প্রতিযোগিতার দুটি খেলায় আজ সরোজ সংঘ ও ইকফাই ফুটবল ক্লাব জয়লাভ করেছে ।**

*******************************************

**New Laws-National :**

ফৌজদারি ৩টি নতুন আইন ভারতীয় ন্যায় সংহিতা, ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতা এবং ভারতীয় সাক্ষ্য অধিনিয়ম আজ থেকে সারা দেশে কার্যকার হয়েছে। নতুন এই আইনের লক্ষ্য হচ্ছে দেশের ফৌজদারি বিচার ব্যবস্থার আধুনিকীকরণ, বিচার প্রক্রিয়াকে ত্বরান্বিত করা এবং ক্ষতিগ্রস্তদের সুরক্ষা নিশ্চিত করা। এই ৩টি নতুন আইনে নারী ও শিশু-সহ সকলস্তরের জনগনের বিরুদ্ধে সংগঠিত অপরাধ দূরীকরণকে অগ্রাধিকার দিয়ে ফৌজদারি বিচারের সংস্কার সাধন করা হয়েছে।

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ বলেছেন যে আজ থেকে তিনটি ফৌজদারি আইনকার্যকর হওয়ায় দেশের ফৌজদারি বিচার ব্যবস্থা আরও আধুনিক হবে। তিনি বলেন যে ফৌজদারি বিচার ব্যবস্থা এখন সম্পূর্ণ দেশীয় এবং স্বাধীনতার পরে ভারতীয় নীতিমালার সঙ্গে জড়িত। নতুনদিল্লিতে তিনটি ফৌজদারি আইন সম্পর্কে সংবাদমাধ্যমকে শ্রী শাহ বলেন, নতুন আইন দ্রুত বিচার এবং বিচারপ্রার্থীদের অধিকার নিশ্চিত করবে।

স্বরাষ্ট্রমন্ত্রী নতুন আইনে নারী ও শিশু নির্যাতনকে অগ্রাধিকার দেওয়া হয়েছে।

তিনি আরও জানান যে গণধর্ষণের অপরাধে এখন ২০ বছরের কারাদণ্ড বা যাবজ্জীবন কারাদন্ড হতে পারে এবং নাবালিকা ধর্ষণে মৃত্যুদণ্ড হবে।

শ্রী শাহ বিরোধীদের নিন্দা করে, অভিযোগ করেছেন যে তারা এই আইন সম্পর্কে মিথ্যা প্রচার করছে।

***************************

**Stop Diarrhoea Campaign :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ আগরতলার প্রজ্ঞা ভবনে আয়োজিত এক অনুষ্ঠানে রাজ্যভিত্তিক স্টপ ডায়রিয়া ক্যাম্পেইনের আনুষ্ঠানিক সূচনা করেন। তিনি বলেন, পেটের রোগ ডায়েরিয়া প্রতিরোধে পরিষ্কার পরিচ্ছন্নতার বিষয়ে সকলকে সচেতন হতে হবে। ডায়রিয়া রোগ থেকে শিশুদের রক্ষা করতে হলে মা ও শিশুর স্বাস্থ্যবিধির উপর বিশেষ নজর দিতে হবে। গ্রামীণ এলাকার জনগণের কাছে স্বাস্থ্য সচেতনতার বিষয়টি পৌঁছে দেওয়ার জন্য অঙ্গনওয়াড়িকর্মী ও আশাকর্মীদের দায়িত্বপূর্ণ ভূমিকা নিতে হবে।

মুখ্যমন্ত্রী বলেন, রাষ্ট্রীয় বাল শিশু স্বাস্থ্য কার্যক্রম কর্মসূচিতে শূন্য থেকে ১৮ বছর বয়স পর্যন্ত শিশু ও কিশোর-কিশোরীদের জন্মগত শারীরিক ত্রুটি, দেরীতে বেড়ে ওঠা, হৃদরোগ ইত্যাদির বিনামূল্যে চিকিৎসা প্রদান করা হয়। গত ১০ই মে চেন্নাই-এর অ্যাপোলো হাসপাতালের সঙ্গে রাজ্য সরকারের একটি মউ সাক্ষরিত হয়েছে। এই মউ অনুসারে হৃদরোগে আক্রান্ত শিশুদের ওই হাসপাতালে সম্পূর্ণ বিনামুল্যে অস্ত্রোপচার করা হবে।

সারা রাজ্যে যক্ষ্মা রোগ দূরীকরণ প্রকল্পের আওতায় সকল যক্ষ্মা রোগীদের পুষ্টিকর খাদ্য গ্রহণের জন্য চিকিৎসা চলাকালীন প্রতিমাসে নিক্ষয় পোষণ যোজনায় ৫০০ টাকা করে সরাসরি রোগীর ব্যাংক একাউন্টে দেওয়া হচ্ছে। ২০২৫ সালের মধ্যে ১০০ শতাংশ টিবি মুক্ত গ্রাম পঞ্চায়েত গড়ে তোলার লক্ষ্য নিয়েছে সরকার। স্টপ ডায়রিয়া- এই অভিযান আজ থেকে ৩১ আগস্ট পর্যন্ত চলবে। এই অভিযানকালে স্বাস্থ্যকর্মীগণ রাজ্যে বাড়ি বাড়ি গিয়ে পাঁচ বছর বয়স পর্যন্ত প্রায় তিন লক্ষ শিশুকে ২টি ও.আর.এস প্যাকেট ও ১৪টি করে জিংক ট্যাবলেট প্রদান করবেন।

*****************************

**Pressmeet-DM & SP West :**

এদিকে, আজ আগরতলায় এক সাংবাদিক সম্মেলনে পশ্চিম ত্রিপুরা জেলার জেলাশাসক ডা. বিশাল কুমার ও পুলিশ সুপার ডা. কিরণ কুমার কে জানান, নতুন তিনটি আইনের বিভিন্ন ধারা সম্পর্কে জনগণ ও আইনের সাথে যুক্ত সংশ্লিষ্ট সকলকে অবগত করার জন্য সচেতনতামূলক অনুষ্ঠানের আয়োজন করা হচ্ছে। রাজ্যে নতুন এই আইনগুলি কার্যকর করার জন্য ইতিমধ্যে ৪ হাজারের উপর সংশ্লিষ্ট ক্ষেত্রের ব্যক্তিদের প্রশিক্ষণ দেওয়া হয়েছে।

*******************************

**Criminal law-Dhalai :**

ধলাই জেলার জেলা শাসক সাজু ওয়াহিদ এ আজ আমবাসায় এক সাংবাদিক সম্মেলনে তিনটি নতুন ফৌজদারি আইনের বিষয়ে বিস্তারিত ব্যাখ্যা করেন। তিনি জানান, এই তিনটি আইন সম্পর্কে জেলার সর্বস্তরের জনগনকে অবহিত করতে পুলিশ ও প্রশাসনের উদ্যোগে ব্যাপক প্রচার করা হবে। সাংবাদিক সম্মেলনে জেলার অতিরিক্ত পুলিশ সুপার মানবেন্দ্র চৌধুরীও উপস্থিত ছিলেন।

*****************************

**Criminal law-Khowai :**

নতুন তিন ফৌজদারি আইন কার্যকর নিয়ে আজ খোয়াই থানায় একটি বিশেষ সচেতনতামূলক বৈঠক অনুষ্ঠিত হয়। এই বৈঠকে পুলিশ, সাংবাদিক, ব্যবসায়ী, জন প্রতিনিধি থেকে শুরু করে সমাজের সব অংশের জনসাধারণ উপস্থিত ছিলেন। নতুন তিনটি আইন কার্যকর নিয়ে বৈঠকে বক্তব্য রাখেন মহকুমা পুলিশ

আধিকারিক পূষন কান্তি মজুমদার ও খোয়াই থানার ওসি সুবীর মালাকার।

******************************

**Criminal law-Sonamura :**

আজ সিপাহীজলা জেলা আরক্ষা প্রশাসনের উদ্যোগে সোনামুড়া মহকুমার, সোনামুড়া ও যাত্রাপুর থানায় নুতন ৩টি ফৌজদারি আইন নিয়ে সচেতনতামূলক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। এতে অংশগ্রহন করেন মহকুমায় কর্মরত সাংবাদিকদের পাশাপাশি, বিভিন্ন স্তরের নির্বাচিত জনপ্রতিনিধি ও সমাজের বিভিন্ন অংশের মানুষ। আজ থেকে গোটা দেশে চালু হওয়া এই ৩ আইন নিয়ে সোনামুড়া থানায় আলোচনা করেন পুলিশ ইন্সপেক্টর শ্যামবাবু সিনহা, ও.সি জয়ন্ত কুমার দে। যাত্রাপুর থানায় আয়োজিত সভায় বক্তব্য রাখেন ও.সি সুব্রত দেবনাথ।

***************************

**New Laws-North :**

উত্তর জেলার জেলাশাসক দেবপ্রিয় বর্ধনও আজ ধর্মনগরে এক আলোচনা সভায় তিনটি নতুন ফৌজদারি আইন নিয়ে বিস্তারিত বক্তব্য রাখেন। উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলাশাসক বিপ্লব দাস, জেলা পরিষদের সভাধিপতি ভবতোষ দাস, ধর্মনগর পুর পরিষদের ভাইস চেয়ারপারসন মঞ্জু নাথ প্রমুখ।

******************************

**Stop Diarrhoea Campaign-Khowai :**

খোয়াই জিলা পরিষদের সভাধিপতি জয়দেব দেববর্মা আজ খোয়াই নতুন টাউন হলে আয়োজিত এক অনুষ্ঠানে স্টপ ডায়রিয়া কর্মসূচির সূচনা করেন। খোয়াই জেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ সমিতির উদ্যোগে আয়োজিত এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জিলা পরিষদের সহ-সভাপতি হরিশংকর পাল, জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিক ডাক্তার নির্মল সরকার প্রমুখ।

************************

**CM-Tulsibati School :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা পড়াশুনার পাশাপাশি সাংস্কৃতিকচর্চা ও খেলাধুলায় অংশ গ্রহণ করতে ছাত্রছাত্রীদের পরামর্শ দেন। আজ মহারানী তুলসীবতী বালিকা বিদ্যালয়ের বার্ষিক পুরস্কার বিতরণী অনুষ্ঠান ও ২০২৩-২৪ শিক্ষাবর্ষে ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদ পরিচালিত মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পরীক্ষায় বিদ্যালয়ের ৫ জন কৃতি ছাত্রীদের সম্বর্ধনা অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে তিনি এই পরামর্শ দেন। মহারানী তুলসীবতী স্কুলের পঠন-পাঠন নিয়ে মুখ্যমন্ত্রী সন্তোষ প্রকাশ করেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন আগরতলা পুর নিগমের মেয়র তথা বিধায়ক দীপক মজুমদার, কর্পোরেটর রত্না দত্ত প্রমুখ।

******************************

**E-Panchayet offices :**

রাজ্যের সব পঞ্চায়েত অফিস আজ থেকে ই-অফিসে রুপান্তরিত হল। মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ সচিবালয়ে এক অনুষ্ঠানে বৈদ্যুতিন বোতাম টিপে ই-অফিসের সূচনা করেন। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন, আজকের দিনটি এক ঐতিহাসিক

দিন। এখন থেকে গ্রাম পঞ্চায়েত স্তরে জনগন ই-পদ্ধতিতে অভাব অভিযোগ জানাতে পারবেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, তথ্য প্রযুক্তি মন্ত্রী প্রনজিত সিংহরায়, মুখ্য সচিব জে কে সিনহা প্রমুখ।

*******************************************

**Finance Minister-GST :**

অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহরায় বলেছেন, খুব শীঘ্রই মৈত্রী সেতুর মাধ্যমে চট্টগ্রাম বন্দরকে ব্যবহার করে ভারত ও বাংলাদেশের মধ্যে পণ্য আদান প্রদান শুরু হবে। আজ প্রজ্ঞাভবনে ৮ম জিএসটি (পণ্য ও পরিষেবা কর) দিবস উদযাপন অনুষ্ঠানের উদ্বোধন করে অর্থমন্ত্রী একথা বলেন। তিনি বলেন, বর্তমান রাজ্য সরকার গত ৬ বছরে জনগণের উপর বাড়তি কোনও করের বোঝা আরোপ করেনি। তারপরেও ২০২২-২৩ অর্থবছরে বিভিন্ন কর খাতে রাজ্যে প্রায় ৩ হাজার কোটি টাকার বেশি কর আদায় হয়েছে। এরমধ্যে জিএসটি খাতে আয় হয়েছে প্রায় ১ হাজার ৮৯৯ কোটি টাকা। তিনি আশা প্রকাশ করেন আগামী পাঁচ বছরে জি.এস.টি খাতে কর আদায় আরও ১৫ শতাংশ বৃদ্ধি পাবে।

**************************

**Doctor's day :**

মুখ্যমন্ত্রী প্রফেসর ডক্টর মানিক সাহা আজ জাতীয় চিকিৎসক দিবস উপলক্ষে রাজ্য স্বাস্থ্য দপ্তরের উদ্যোগে রবীন্দ্র শতবার্ষিকী ভবনে আয়োজিত অনুষ্ঠানের উদ্বোধন করেন।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মুখ্য সচিব জে কে সিনহা, অতিরিক্ত স্বাস্থ্য সচিব ডক্টর ব্রহ্মিত কাউর, স্বাস্থ্য অধিকর্তা ডক্টর সঞ্জীব দেববর্মা, মেডিকেল এডুকেশনের অধিকর্তা ডক্টর হরপ্রসাদ শর্মা, পরিবার কল্যাণ ও রোগ প্রতিরোধ দপ্তরের অধিকর্তা ডঃ অঞ্জন দাস, এন এইচ এম রাজ্য অধিকর্তা রাজিব দত্ত। শুরুতেই ডঃ বিধান চন্দ্র রায়ের প্রতিকৃতিতে ফুল মালা দিয়ে শ্রদ্ধা জানান মুখ্যমন্ত্রী সহ অন্যান্য অতিথিরা। অনুষ্ঠানে ১০ জন প্রবীণ চিকিৎসককে সংবর্ধিত করা হয়।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি চিকিৎসক দিবস উপলক্ষে সমস্ত চিকিৎসকদের শুভেচ্ছা জানিয়েছেন। সামাজিক মাধ্যমে প্রধানমন্ত্রী বলেছেন, ভারতে স্বাস্থ্য পরিকাঠামোর উন্নয়নে এবং চিকিৎসকদের তাদের প্রাপ্য সম্মান নিশ্চিত করতে সরকার সম্পূর্ণরূপে প্রতিশ্রুতিবদ্ধ।

****************************

**TSR-3rd Battalion :**

কমলপুর মহকুমার কচুছড়ায় আজ টি এস আর তৃতীয় বাহিনীর ২৮ তম প্রতিষ্ঠা দিবস উদযাপন করা হয়। অনুষ্ঠানের উদ্বোধন করেন আইজিপি টিএসআর কেরি মারাক। অনুষ্ঠানের শুরুতেই শহীদদের স্মৃতির প্রতি শ্রদ্ধা নিবেদন করা হয়। আয়োজন করা হয় মেগা রক্তদান শিবির। টি.এস.আর জওয়ান ও তাদের পরিবার-পরিজনদের মোট ১০৭ জন স্বেচ্ছায় রক্তদান করেন। অনুষ্ঠানে বাহিনীর শহীদ জওয়ানদের পরিবারের সদস্যদের সম্মান জানানো হয়। এলাকার খেলোয়াড়দের মধ্যে ক্রীড়া সরঞ্জাম ও

দুস্থ:দের মধ্যে কম্বল বিতরণ করা হয়। অনুষ্ঠানে একটি প্রদর্শনীর আয়োজন করা হয়। অতিথিরা বৃক্ষ রোপন করেন।

অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে আইজিপি টিএসআর কেরি মারাক বলেন একটা সময় এই সমস্ত এলাকায় সন্ত্রাসবাদীদের ব্যাপক দৌড়াত্ম ছিল। কিন্তু এই বাহিনী প্রতিষ্ঠিত হওয়ার পর কমলপুরের বিস্তীর্ণ এলাকায় শান্তি ফিরে এসেছে। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ধলাই জেলার পুলিশ সুপার অভিনাশ রাই, বাহিনীর কমান্ডেন্ট বিনয় কিশোর দেববর্মা প্রমুখ।

**************************

**Educational Goods Distribution :**

কৈলাশহরের ঊনকোটি কলাক্ষেত্রে আজ বিদ্যালয় শিক্ষা দপ্তর আয়োজিত এক অনুষ্ঠানের মধ্য দিয়ে শিক্ষণ ও শিক্ষা সহায়ক সামগ্রী বিতরণ করা হয়। যুব বিষয়ক ও ক্রীড়ামন্ত্রী টিংকু রায় এই কর্মসূচির আনুষ্ঠানিক উদ্বোধন করেন। তিনি বলেন, খুব সহসাই রাজ্যের স্কুলগুলোতে খেলার সামগ্রীও বিতরণ করা হবে। শিক্ষার পাশাপাশি খেলাধুলার উপর ও গুরুত্ব দিচ্ছে রাজ্য সরকার। আজকের অনুষ্ঠানে ঊনকোটি জিলা পরিষদের সহকারী সভাধিপতি শ্যামল দাশ, জেলা শাসক দিলীপ কুমার চাকমা প্রমুখ ভাষন দেন। অনুষ্ঠানের সভানেত্রী ছিলেন, কৈলাশহর পুর পরিষদের চেয়ারপার্সন চপলা রাণী দেবরায়। এখানে স্কুল পড়ুয়াদের স্কুল ব্যাগ, প্রাইমারি স্কুলের শিক্ষক -শিক্ষিকাদের এন্ড্রয়েড ট্যাবলেট এবং শিক্ষণ শিক্ষা সামগ্রী বিতরণ করা হয়।

*****************************

**Rajib Bhattacharjee :**

বড়জলার মধ্যভুবনবন উচ্চ বিদ্যালয়কে আজ দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ে উন্নীত করা হয়েছে। এ উপলক্ষ্যে আয়োজিত এক অনুষ্ঠানে উপস্থিত ছিলেন প্রাক্তন বিধায়ক ডাঃ দিলীপ দাস ও খাদি বোর্ডের প্রাক্তন চেয়ারম্যান রাজীব ভট্টাচার্য।

*************************

**TYF-Jampuijala :**

টি.ওয়াই.এফ জম্পুইজলা মহকুমা কমিটির পক্ষ থেকে ৫ দফা দাবিতে আজ জম্পুইজলার মহকুমা শাসক সুমিত কুমার পান্ডের কাছে ডেপুটেশন প্রদান করা হয়। উল্লেখযোগ্য দাবিগুলো হল জম্পুইজলা সদর এলাকায় ডিগ্রি কলেজ স্থাপন, এ.ডি.সি-র হাতে অধিক ক্ষমতা প্রদান ও বিভিন্ন সরকারি দপ্তরে শূন্যপদ পূরণ করা। এই কর্মসূচিতে উপস্থিত ছিলেন প্রাক্তন MDC রমেন্দ্র দেববর্মা, টি.ওয়াই.এফ নেতা রঞ্জন দেববর্মা, মুকেশ দেববর্মা, জীবন দেববর্মা প্রমুখ।

*****************************

**Vegetable Seeds Distribution :**

ঊনকোটি জেলার কৃষি বিজ্ঞান কেন্দ্র বা K.V.K এর উদ্যোগে আজ কৈলাশহর শ্রীরামপুর স্বামী বিবেকানন্দ ভবনে এক অনুষ্ঠানের মধ্য দিয়ে আট প্রকারের সব্জির বীজ বিতরণ করা হয়। এতে নয়শ'জন কৃষক উপকৃত হয়েছেন। আজকের এই বীজ বিতরণ কর্মসূচির আনুষ্ঠানিক উদ্বোধন করেন, সমাজ কল্যাণ ও সমাজশিক্ষা মন্ত্রী টিংকু রায়। উপস্থিত ছিলেন, ঊনকোটি জিলা পরিষদের সহকারী সভাধিপতি শ্যামল দাশ,

K.V.K এর বরিষ্ঠ বিজ্ঞানী বিশ্বজিৎ বল, উদ্যানবিদ ডক্টর রতন দাশ, অবসরপ্রাপ্ত কৃষি তত্বাবধায়ক প্রতাপ চন্দ্র দাস প্রমুখ।

******************************

**Third Division League :**

ঘরোয়া তৃতীয় ডিভিশন লিগ ফুটবল প্রতিযোগিতার দুটি খেলায় আজ সরোজ সংঘ ও ইকফাই ফুটবল ক্লাব জয়লাভ করেছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে অনুষ্ঠিত খেলায় সরোজ সংঘ ২-০ গোলে বিবেকানন্দ ক্লাবকে হারিয়ে দেয়। একই মাঠে অপর খেলায় ইকফাই ফুটবল ক্লাব ৫-০ গোলে উমাকান্ত কোচিং সেন্টারকে হারিয়ে দেয়।

***************************

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় রাজ্যের ধলাই এবং গোমতী জেলায় বিক্ষিপ্তভাবে প্রবল বর্ষণের সর্তকতা জারি করা হয়েছে। এছাড়া রাজ্যের অন্যান্য সব জেলায় বিক্ষিপ্তভাবে ভারী থেকে অতি ভারী বৃষ্টিপাতের ও সর্তকতা জারি করা হয়। উত্তর-পূর্ব আসাম এবং তার পার্শ্ববর্তী অঞ্চলে ঘূর্ণাবর্ত ও পুরোপুরি বর্ষা এই প্রবল বর্ষণের কারণ বলে আবহাওয়া দপ্তর জানিয়েছে। আজ সকাল সাড়ে আটটা থেকে দুপুর আড়াইটা পর্যন্ত আগরতলা বিমানবন্দর এলাকায় বৃষ্টি হয়েছে ৩৪ দশমিক ৪ মিলিমিটার। গত ২৪ ঘন্টায় বৃষ্টি হয়েছে ৪২ দশমিক চার মিলিমিটার। আগামীকাল তাপমাত্রা সর্বোচ্চ ৩০ ডিগ্রি এবং সর্বনিম্ন ২৬ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল উনত্রিশ দশমিক ৫ এবং সর্বনিম্ন ২৬.৬ ডিগ্রি সেলসিয়াস।

****************************